

# পাঠ্যবইয়ে শহীদ আবু সাঈদকে নিয়ে ‘নির্মম ভুল’

অনলাইন ডেস্ক

০৫ জানুয়ারি, ২০২৫  
১৬:৩৫

শেয়ার

অ +

অ -



শহীদ আবু সাঈদ। ফাইল ছবি

নবম ও দশম শ্রেণির ইংরেজি পাঠ্যবইয়ে কোটা সংস্কার আন্দোলনে শহীদ আবু সাঈদের মৃত্যুর তারিখ নিয়ে ভুল তথ্য দেওয়া হয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রণীত নবম-দশম শ্রেণির ইংরেজি বইয়ে ‘গ্রাফিতি’ অধ্যায়ে উল্লেখ রয়েছে, ২০১৪ সালের ১৭ জুলাই রংপুরে পুলিশের গুলিতে আবু সাঈদ শহীদ হন।

তবে একই শ্রেণির বাংলা সাহিত্য বইয়ে ‘আমাদের নতুন গৌরবগাথা’ শিরোনামে যে অধ্যায় যুক্ত করা হয়েছে সেখানে সঠিক তারিখ, অর্থাৎ ১৬ জুলাই লেখা হয়েছে।

## আরো পড়ুন



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ৭১ শিক্ষার্থী বহিষ্কার

জানা যায়, গত ১৬ জুলাই বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ছাত্র আবু সাঈদ পুলিশের গুলিতে নিহত হন।

গুলি লাগার মুহূর্তে রাজপথে দুই হাত প্রসারিত করে দাঁড়িয়ে থাকা আবু সাঈদের ছবি গণমাধ্যমে ছড়িয়ে পড়লে দেশজুড়ে মানুষ শেখ হাসিনার স্বৈরশাসনের বিরুদ্ধে রাস্তায় নেমে আসেন। এই আন্দোলনই রূপ নেয় ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে।

ঢাকার একটি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক বলেন, একটি ‘নির্মম ভুল’, আবু সাঈদ কবে শহীদ হন তা সবাই জানে। আমার মনে হয় পাঠ্যপুস্তক লেখকদের মধ্যে কোনো সমন্বয় নেই।

এ বিষয়ে এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক এ কে এম রিয়াজুল হাসান জানান, তারা বিষয়টি খতিয়ে দেখবেন এবং  
বিত্রান্তি সংশোধন করবেন।